

ঢাবির ১৪ শিক্ষার্থী ও ৩ শিক্ষকের ডিনস অ্যাওয়ার্ডস লাভ

বিষয়বিশেষ বিশেষ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০০৯ ও ২০১০
বর্ষের স্নাতক সন্মান পরীক্ষায় বিজ্ঞান
অনুষঙ্গে কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করায়
১৪ জন শিক্ষার্থী ডিনস অ্যাওয়ার্ড লাভ
করেছেন। একইসঙ্গে পুস্তক রচনা ও
গবেষণায় কৃতিত্বপূর্ণ অবদানের
হীকৃতিস্বরূপ ৩ জন শিক্ষকেও এ
অ্যাওয়ার্ড প্রদান করা হয়। বৃহস্পতিবার
বিষয়বিশেষের নবাব নওয়াজ আলী
চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক
বর্ণাঢ্য অনুষ্ঠানে তাদের এই অ্যাওয়ার্ড
প্রদান করা হয়। বিজ্ঞান অনুষদের ডিন
অধ্যাপক ড. মোহাম্মদ ইউসুফ আলী
মোস্তার সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের
মধ্যে উপস্থিত ছিলেন ঢাকা
বিশ্ববিদ্যালয়ের ডিন অধ্যাপক ড.
আব্দুল আফিজ সিদ্দিক, প্রো-ভিসি
অধ্যাপক ড. হারুন-অর-রশিদ,
কোষাধ্যক্ষ অধ্যাপক ড. নীলম্বর
রহমান, রসায়ন বিভাগের চেয়ারপারসন
অধ্যাপক ড. নীপাত আহমেদ পাশা,
তাত্ত্বিক পদার্থবিজ্ঞান বিভাগের
চেয়ারম্যান ড. তানভীর হানিক, গণিত
বিভাগের সহযোগী অধ্যাপক ড. চক্রবর্তী
শেখর এবং পরিসংখ্যান গবেষণা ও
শিক্ষণ ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক
জাহিদা ওলশান প্রমুখ। ২০০৯ সালের
অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন—
কাজল চন্দ্র সাহা (গণিত), মোঃ
আরিফুল হক (রসায়ন), শাহজাহানী
আইরিন (পরিসংখ্যান, প্রাণ পরিসংখ্যান
ও তথ্য পরিসংখ্যান) এবং মোসাম্মত
সিফাত মুনতাহা সনি (পরিসংখ্যান, প্রাণ
পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান)।
২০১০ সালের অ্যাওয়ার্ডপ্রাপ্তরা হলেন—
উলি রানী পাল (গণিত), মোঃ নানুন উর
রশিদ খান (গণিত), চিত্তমণী গোল্ডার
(গণিত), কামরুন নাহার নিশা (গণিত),
ফারজানা আহান (পরিসংখ্যান, প্রাণ
পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান), নিঠুন
কুমার আচার্য (পরিসংখ্যান, প্রাণ
পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান),
আমুনুজ্জ তাবাসসুম (পরিসংখ্যান, প্রাণ
পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান),
হাদিনা ইসলাম (পরিসংখ্যান, প্রাণ
পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান),
ইমরান হাসান (পরিসংখ্যান, প্রাণ
পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান) এবং
শেহেনাভ তাবাসসুম (পরিসংখ্যান, প্রাণ
পরিসংখ্যান ও তথ্য পরিসংখ্যান)।
পুস্তক রচনা ও গবেষণাকর্ম প্রকাশনার
কৃতিত্বপূর্ণ অবদানের হীকৃতিস্বরূপ ডিনস
অ্যাওয়ার্ডপ্রাপ্ত শিক্ষকরা হলেন—
অধ্যাপক ড. আফম ইউসুফ হাফিজ
(পদার্থবিজ্ঞান), সহযোগী অধ্যাপক ড.
মোঃ আবু বিন হাসান সুসান (রসায়ন)
এবং সহকারী অধ্যাপক ড. হি
আসাদুল্লাহমান (পরিসংখ্যান
শিক্ষণ ইনস্টিটিউট)।